# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
# Bengali Text Bulletin
**Date 01-07-2025 Time: 7.35 A.M.**

বিশেষ বিশেষ খবরঃ-

১) মহিলা মুখ্যমন্ত্রীর শাসনে রাজ্যে মেয়েদের ওপরেই অত্যাচার বাড়ছে বলে কসবা কাণ্ডে গঠিত বিজেপির তথ্যানুসন্ধানী দল অভিযোগ করেছে।

বিজেপির তদন্ত কমিটির কসবা যাওয়াকে কটাক্ষ করেছে তৃণমূল কংগ্রেস।

আইনের ছাত্রীকে ধর্ষণের ঘটনায় কলকাতা সহ জেলায় জেলায় বিক্ষোভ।

ঘটনার প্রেক্ষিতে সাউথ ক্যালকাটা ল কলেজ কর্তৃপক্ষকে ৭ দফা নির্দেশিকা দিয়েছে উচ্চ শিক্ষা দপ্তর। সরকার অনির্দিষ্টকালের জন্য এই কলেজে পঠনপাঠন বন্ধের কথা ঘোষণা করেছে।

২) উৎসশ্রী পোর্টালের মাধ্যমে শিক্ষকদের সাধারণ বদলির ক্ষেত্রে স্থগিতাদেশের মেয়াদ ৩১ শে ডিসেম্বর পর্যন্ত বাড়িয়েছে রাজ্য সরকার।

৩) রাজ্যের প্রাক্তন মুখ্যমন্ত্রী ডাক্তার বিধানচন্দ্র রায়ের ১৪৪ তম জন্মদিবস আজ চিকিৎসক দিবস হিসেবে পালিত হচ্ছে।

৪) যাত্রীবাহী ট্রেনের ভাড়া বৃদ্ধির সিদ্ধান্ত আজ থেকে কার্যকর হয়েছে।

৫) নিম্নচাপ ও অক্ষরেখার প্রভাবে সপ্তাহ জুড়ে রাজ্যের প্রায় সব জেলাতেই বিক্ষিপ্ত বৃষ্টির সম্ভাবনা।

---

মহিলা মুখ্যমন্ত্রীর শাসনে রাজ্যে মেয়েদের ওপরেই অত্যাচার বাড়ছে বলে কসবা কাণ্ডে গঠিত বিজেপির তথ্যানুসন্ধানী দল অভিযোগ করেছে। সাউথ ক্যালকাটা ল কলেজে আইনের ছাত্রীকে ধর্ষণের ঘটনার তদন্তে গতকালই প্রাক্তন কেন্দ্রীয় মন্ত্রী সৎপাল সিং ও মিনাক্ষী লেখি, সাংসদ বিপ্লব দেব এবং মননকুমার মিশ্র এই চার সদস্যর প্রতিনিধি দল রাজ্যে আসেন। প্রথমে লালবাজারে পুলিশ কমিশনার মনোজ বার্মার সঙ্গে বৈঠকের পর সাউথ ক্যালকাটা ল কলেজে যান তারা। সঙ্গে ছিলেন দলের রাজ্য সভাপতি সুকান্ত মজুমদার। কলেজে প্রবেশের পথে পুলিশ তাঁদের বাধা দিলে তীব্র উত্তেজনার সৃষ্টি হয়। শেষ পর্যন্ত কলেজ প্রাঙ্গনে প্রবেশ করেন বিজেপির তদন্ত কমিটির সদস্যরা। পরে এক সাংবাদিক বৈঠকে মিনাক্ষী লেখি, এই ঘটনার সঙ্গে জড়িতদের সর্বোচ্চ শাস্তির দাবি জানান।

(বাইট-মিনাক্ষী)

দলের সদস্য সৎপাল সিং জানান, দোষীদের কঠোর শাস্তি দেওয়া হবে বলে পুলিশ কমিশনার তাদের আশ্বাস দিয়েছেন।

এদিকে, ল কলেজের বাইরে গতকাল বিজেপি কর্মী এবং রাত দখল মঞ্চের সদস্যদের মধ্যে বচসা ও হাতাহাতি বাধে। দুপক্ষের প্রতিবাদ আন্দোলন চলাকালীন স্লোগান দেওয়াকে কেন্দ্র করে উত্তেজনা ছড়ায়। পরে পুলিশের হস্তক্ষেপে পরিস্থিতি নিয়ন্ত্রণে আসে।

রাজ্য সরকার মহিলাদের সুরক্ষা দিতে ব্যর্থ বলে কেন্দ্রীয় মন্ত্রী ভূপেন্দ্র যাদব মন্তব্য। করেছেন। কলকাতায় গতকাল জ্যুলজিকাল সার্ভে অফ ইন্ডিয়ার ১১০ তম প্রতিষ্টা

দিবসের অনুষ্ঠানের ফাঁকে সাংবাদিকদের তিনি বলেন, শাসকদলের নেতারা যেভাবে মন্তব্য করছেন তা আশ্চর্যজনক।

(বাইট-ভূপেন্দ্র)

রাজ্যে গণতন্ত্র আছে তাই বিজেপির প্রতিনিধি দল কসবায় যেতে পেরেছে বলে মন্ত্রী শশী পাঁজা মন্তব্য করেছেন। এক সাংবাদিক বৈঠকে গতকাল তিনি বলেন, নির্যাতনের অভিযোগ পাওয়ার ১২ ঘন্টার মধ্যে কলকাতা পুলিশ তিনজনকে গ্রেপ্তার করেছে। কেন্দ্রীয় ফ্যাক্ট ফাইন্ডিং টিমের কসবা যাওয়াকে কটাক্ষ করেন তিনি।

(বাইট শশী পাঁজা)

বিজেপির ফ্যাক্ট ফাইন্ডিং টিমের কসবা ল কলেজ পরিদর্শনকে কটাক্ষ করেছে কংগ্রেসও।

ক্যাম্পাসের মধ্যে এধরণের ঘটনার পর নিজেদের কলেজেই তাঁরা নিরাপত্তাহীনতায় ভুগছেন বলে সাউথ ক্যালকাটা ল কলেজের ছাত্রীরা জানিয়েছেন। যথাযথ সুরক্ষার দাবিতে গতকাল প্রিন্সিপালের কাছে ডেপুটেশন জমা দিতে যান। কিন্তু অনির্দিষ্টকালের জন্য কলেজ বন্ধ হয়ে যাওয়ায় ডেপুটেশন জমা দেওয়া যায়নি। পঠন-পাঠনে অনিয়ম, নিয়মিত ক্লাস না হওয়া-সহ একাধিক অভিযোগ তোলেন তাঁরা।

এদিকে, আইনের ছাত্রীকে ধর্ষণের ঘটনায় রাজ্য জুড়ে প্রতিবাদ বিক্ষোভ অব্যাহত। জেলায় জেলায় গতকালও মিছিল করে বিজেপি। পশ্চিম মেদিনীপুরের ডেবরায় বিজেপির তরফে কন্যা সুরক্ষা যাত্রায় অংশ নেন বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী।

প্রদেশ কংগ্রেস সভাপতি শুভঙ্কর সরকারের নেতৃত্বে গতকাল ন্যায় বিচারের দাবিতে সাউথ ক্যালকাটা ল কলেজের সামনে মোমবাতি জ্বালিয়ে প্রতিবাদে সামিল হন কংগ্রেসের নেতা কর্মী ও সমর্থকরা।

কলকাতা হাইকোর্টের সামনে বিক্ষোভ দেখান কংগ্রেস সমর্থিত আইনজীবীরা।

দোষীদের শাস্তির দাবিতে গতকল বিভিন্ন কলেজের শতাধিক আইনের পড়ুয়া ও জুনিয়র আইনজীবীরা আজ কসবা পোস্ট অফিস মোড়ে প্রতিবাদ কর্মসূচিতে যোগ দেন।

---------------------

সাউথ ক্যালকাটা ল কলেজে ধর্ষনের ঘটনায় তদন্তের অগ্রগতি খতিয়ে দেখতে পুলিশ কমিশনার মনোজ ভার্মা গতসন্ধ্যায় কসবা থানায় যান। আধিকারিকদের সঙ্গে বিস্তারিত আলোচনা করেন তিনি।

এর আগে, কসবাকান্ডে নির্যাতিতা এবং অভিযুক্তদের মেডিকোলিগাল টেস্ট সম্পন্ন হয়েছে বলে কলকাতা পুলিশ জানায়। গতকাল এক বিবৃতিতে লালবাজার জানিয়েছে, ঘটনাস্থলের ফরেন্সিক পরীক্ষা করা হয়েছে। ঊর্ধ্বতন কর্মকর্তাদের নিবিড় তত্ত্বাবধানে একটি বিশেষ তদন্তকারী দল গোটা ঘটনার অনুসন্ধান চালাচ্ছে। সিসিটিভি ফুটেজের সঙ্গে নির্যাতিতার বয়ানের মিল রয়েছে। অভিযুক্তদের ডিএনএ নমুনা ফরেন্সিক পরীক্ষার জন্য পাঠানো হয়েছে।

অপরাধীদের সর্বোচ্চ আইনী শাস্তি এবং নির্যাতিতার যথাসম্ভব দ্রুত ন্যায়বিচার সুনিশ্চিত করতে প্রশাসন প্রতিশ্রুতিবদ্ধ বলে কলকাতা পুলিশ জানিয়েছে।

আইনী পড়ুয়ার কলেজ ক্যাম্পাসে ধর্ষণের প্রতিবাদে আগামীকাল কালীঘাট থেকে কসবা পর্যন্ত মিছিল করার জন্য পুলিশের অনুমতি না মেলায় কলকাতা হাইকোর্টের

দ্বারস্থ হয়েছে বিজেপি যুব মোর্চা। বিচারপতি তীর্থঙ্কর ঘোষের বেঞ্চের এজলাসে আজ এই মামলার শুনানি হতে পারে।

---------------------

এদিকে, সাউথ ক্যালকাটা ল কলেজে ধর্ষণের ঘটনায় গতকাল সুপ্রিম কোর্ট এবং কলকাতা হাইকোর্টে একাধিক মামলা দায়ের হয়েছে।

শীর্ষ আদালতের নজরদারিতে সিবিআই তদন্তের দাবি জানিয়ে সুপ্রিম কোর্টের দ্বারস্থ হয়েছেন সত্যম সিং নামে এক আইনজীবী। নির্ধারিত সময়সীমার মধ্যে তদন্ত শেষ করার পাশাপাশি নির্যাতিতার নিরাপত্তা এবং তাকে আর্থিক সহায়তা দেওয়ারও আবেদন জানিয়েছেন তিনি।

অন্যদিকে, ধর্ষণের তদন্তে গঠিত সিটের চেয়ারম্যান হিসাবে একজন অবসরপ্রাপ্ত বিচারপতিকে রাখা, অনুমোদন ব্যতীত কলেজ চালানোর অভিযোগ, ইউনিয়নের নামে চাঁদা  তোলা এবং অবৈধ ইউনিয়ন রুম বন্ধের দাবিতে কলকাতা হাইকোর্টে দায়ের হয়েছে কয়েকটি জনস্বার্থ মামলা।

---------------------

সাউথ কলকাতা ল কলেজে ধর্ষণের ঘটনায় মূল অভিযুক্ত, অস্থায়ী কর্মী মনোজিৎ মিশ্রকে চাকরি থেকে বহিষ্কারের নির্দেশ দিয়েছে উচ্চ শিক্ষা দফতর। এছাড়াও অপর দুই অভিযুক্ত ঐ কলেজের বর্তমান ছাত্র প্রোমিত মুখোপাধ্যায় এবং জায়েব আহমেদকেও বহিষ্কারের কথা বলা হয়েছে।

ঘটনার প্রেক্ষিতে কলেজ কর্তৃপক্ষকে সাত দফা নির্দেশিকা দিয়েছে উচ্চ শিক্ষা দফতর। এতে বলা হয়েছে, যে সংস্থার মাধ্যমে ঐ কলেজে নিরাপত্তারক্ষী নিযুক্ত হত,

তাদের শো-কজ করতে হবে। এছাড়াও প্রাক্তন পড়ুয়া বা কোনও বহিরাগত কলেজের মধ্যে ঢুকতে পারবে না। কলেজের অভ্যন্তরীণ নিরাপত্তা কমিটির বৈঠক ডাকারও নির্দেশ দেওয়া হয়েছে। কলেজে আরও সিসিটিভি লাগানোর প্রয়োজন রয়েছে কিনা, তাও খতিয়ে দেখতে হবে। নির্ধারিত সময়ের পর ফাঁকা রাখতে হবে কলেজ ক্যাম্পাস।

এদিকে, মনোজিত্ মিশ্রের বার কাউন্সিলের লাইসেন্স বাতিল করার আবেদন জানিয়ে বার কাউন্সিল অফ ইন্ডিয়া এবং রাজ্য বার কাউন্সিলের চেয়ারম্যানকে চিঠি দিয়েছেন যোগেশ চন্দ্র চৌধুরী ল-কলেজের ছাত্রছাত্রীরা।

অন্যদিকে, কলেজ ক্যাম্পাসে তরুণী পড়ুয়াকে ধর্ষনের ফলে উদ্ভূত পরিস্থিতিতে সাউথ ক্যালকাটা ল কলেজে অনির্দিষ্টকালের জন্য ক্লাস বন্ধ রাখার সিদ্ধান্ত নেওয়া হয়েছে। কলেজের পরিচালন সমিতির বৈঠকে গতকাল এই সিদ্ধান্ত হয়।

---------------------

উৎসশ্রী পোর্টালের মাধ্যমে শিক্ষকদের সাধারণ বদলির ক্ষেত্রে স্থগিতাদেশের মেয়াদ বাড়িয়েছে রাজ্য সরকার। এই মর্মে স্কুল শিক্ষা দপ্তরের তরফে একটি বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে, বিশেষ পরিস্থিতি ছাড়া আগামী ৩১শে ডিসেম্বর পর্যন্ত কেবলমাত্র মিউচুয়াল ট্রান্সফার বা পারস্পরিক বদলি প্রক্রিয়ার আবেদন জানানো যাবে এই পোর্টালের মাধ্যমে। উল্লেখ্য , পুরোনো বিজ্ঞপ্তিতে এই স্থগিতাদেশের সময়সীমা চলতি বছরের ৩০ জুন পর্যন্ত নির্ধারণ করা হয়েছিল।

দীর্ঘদিন ধরে নামমাত্র পারস্পরিক বদলির প্রক্রিয়া চালু রাখা হয়েছে বলে অভিযোগ করেছেন শিক্ষানুরাগী ঐক্য মঞ্চের সাধারণ সম্পাদক কিঙ্কর অধিকারী। এই প্রক্রিয়া চালু করা হলেও এখনো পর্যন্ত একটিও মিউচুয়াল ট্রান্সফার সম্পন্ন হয়নি বলে তাঁর দাবি।

---------------------

নতুন সার্ভারে স্থানান্তর সংক্রান্ত কাজ চলার কারণে বাংলার শিক্ষা, উৎসশ্রী, স্কলারশিপ, IOSMS এই চারটি পোর্টাল আজ থেকে ৭ই জুলাই পর্যন্ত এক সপ্তাহ বন্ধ থাকছে। স্কুল শিক্ষা দপ্তরের তরফে এক নির্দেশিকায় বলা হয়েছে, এই চারটি পোর্টাল এতদিন কেন্দ্রের 'ন্যাশনাল ইনফরমেটিক সেন্টার' নিয়ন্ত্রণ করতো। এবার সেগুলিকে ওয়েস্ট বেঙ্গল স্টেট ডেটা সেন্টারের আওতায় নিয়ে আসা হবে।

---------------------

রাজ্যের প্রাক্তন মুখ্যমন্ত্রী ডাক্তার বিধানচন্দ্র রায়ের ১৪৪তম জন্মদিবস আজ চিকিৎসক দিবস হিসেবে পালিত হচ্ছে। এই উপলক্ষ্যে মধ্য কলকাতার ওয়েলিংটন স্কয়ারে বিধানচন্দ্র রায়ের বাসভবন, নবান্ন, বিধানসভা ভবন কলকাতা পুরসভা সহ একাধিক জায়গায় নানা অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। বিভিন্ন চিকিৎসক ও স্বাস্থ্য সংগঠনের তরফেও বিভিন্ন কর্মসূচির মাধ্যমে তাঁর প্রতি শ্রদ্ধা নিবেদন করা হচ্ছে।

দিনটির স্মরণে রাজ্য সরকার সব সরকারি ও আধা সরকারি অফিস এবং বিদ্যালয়ে অর্ধদিবস ছুটি ঘোষণা করেছে।

উল্লেখ্য, ১৯৬২ সালে আজকের দিনেই ডাক্তার রায় প্রয়াত হন।

---------------------

কলকাতা হাইকোর্ট, ২০১৯ সালে সন্দেশখালিতে তিন বিজেপি কর্মী খুনের ঘটনায় সিবিআই তদন্তের নির্দেশ দিয়েছে।

উল্লেখ্য, সন্দেশখালিতে ২০১৯ সালের ৬ই জুন তিন ভারতীয় জনতা পার্টির কর্মী প্রদীপ মণ্ডল, দেবদাস এবং সুকান্ত মণ্ডলকে হত্যার পর দেহ লোপাট করে দেওয়া হয় বলে পরিবারের অভিযোগ। দায়ের হওয়া দুটি মামলাতেই মূল অভিযুক্ত হিসেবে তৃণমূল

কংগ্রেস নেতা শেখ শাহজাহানের নাম উঠে আসে। আদালত প্রথমে সিআইডি তদন্তের নির্দেশ দিলেও দুটি মামলাতেই চার্জশিট থেকে শেখ শাহজাহানের নাম বাদ দেয় পুলিশ।

এরপর গত বছর বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারীর তত্ত্বাবধানে ওই বিজেপি কর্মীদের পরিবার ফের সিবিআই তদন্তের আর্জি নিয়ে হাইকোর্টের দ্বারস্থ হয়। দীর্ঘ শুনানির পর গতকাল বিচারপতি জয় সেন গুপ্ত নির্দেশ দেন, সিবিআই যুগ্ম অধিকর্তার নেতৃত্বে এবং নিম্ন আদালতের নজরদারিতে এই তদন্ত হবে।

---------------------

যাত্রীবাহী ট্রেনের ভাড়া বৃদ্ধির সিদ্ধান্ত আজ থেকে কার্যকর হয়েছে। নন এসি মেল এবং এক্সপ্রেস ট্রেনের ক্ষেত্রে প্রতি কিলোমিটারে ১ পয়সা এবং শীতাতপ নিয়ন্ত্রিত শ্রেণীর জন্য প্রতি কিলোমিটারে ২ পয়সা করে ট্রেনের ভাড়া বাড়ছে।
তবে শহরতলির ট্রেন এবং মান্থলি সিজন টিকিটের দামের পাশাপাশি রিজার্ভেশন ফি, সুপারফাস্ট সারচার্জ এবং অন্যান্য চার্জ অপরিবর্তিত থাকছে। তবে যারা আগে থেকেই সংরক্ষিত শ্রেণীর টিকিট কেটে রেখেছেন তাদের এই বর্ধিত ভাড়া দিতে হবে না। আজ থেকে অনলাইনে তৎকাল টিকিট কাটার ক্ষেত্রে IRCTC-র account-এর সঙ্গে আধার কার্ডের সংযুক্তিকরণ করার কথা রেল জানিয়েছে।

---------------------

উত্তর পশ্চিম বঙ্গোপসাগরের উপর তৈরি নিম্নচাপ অঞ্চলটি ধীরে ধারে পশ্চিম, উত্তর পশ্চিম দিকে অগ্রসর হচ্ছে। এরই সঙ্গে বিস্তৃত সক্রিয় মৌসুমী অক্ষরেখার ফলে রাজ্যের প্রায় সব জেলাতেই সারা সপ্তাহ জুড়ে বিক্ষিপ্ত বৃষ্টির সম্ভাবনা রয়েছে বলে জানিয়েছেন আবহাওয়া দপ্তরের পূর্বাঞ্চলীয় প্রধান ডঃ সোমনাথ দত্ত।

বাইট

মৎস্যজীবীদের আগামীকাল পর্যন্ত সমুদ্রে যেতে নিষেধ করা হয়েছে।